গাংনীতে র্যাব-১২ এর অভিযানে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

২৮ বোতল ফেনসিডিলসহ আক্তার হোসেন (৪২)কে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) একটি টিম।

আক্তার হোসেন গাংনী উপজেলার হোগলবাড়িয়া গ্রামের মৃত মোস্তফা’র ছেলে।

র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের স্কোয়াডন লিডার ইলিয়াছ হোসেনের নেতৃত্বে র্যাবের একটি ইউনিট আজ রবিবার (১৪ আগষ্ট) দুপুরের দিকে তার বাড়িতে অভিযান চালিয়ে ফেনসিডিলসহ আক্তারকে আটক করা হয়।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় র্যাব-১২ এর পরিদর্শক ফজলুল হক বাদী হয়ে গাংনী থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করে আসামী আক্তার ও ফেনসিডিল গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

কুষ্টিয়ায় বিপুল পরিমাণ মাদক সহ ব্যবসায়ী আটক

কুষ্টিয়ায় র্যাবের বিশেষ অভিযানে মাদকের বড় চালান ১৪৪৫ বোতল ফেনসিডিল ও সাড়ে ১২ কেজি গাঁজা সহ উজ্জল আলী (৩৫) নামের এক চিহ্নিত শীর্ষ মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের কোম্পানী কমান্ডার স্কোয়াড্রন লীডার মোহাম্মদ ইলিয়াস খানের নেতৃত্বে এই অভিযান পরিচালনা করা হয়।

র্যাব সুত্রে জানা যায়, গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার সময় র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের কোম্পানী কমান্ডার স্কোয়াড্রন লীডার মোহাম্মদ ইলিয়াস খানের নেতৃত্বে র্যাবের একটি চৌকস অভিযানিক দল মাদকের একটি বড় চালান পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে

কুষ্টিয়া দৌলতপুর থানাধীন কল্যানপুর এলাকায় একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ১৪৪৫ বোতল ভারতীয় আমদানি নিষিদ্ধ ফেনসিডিল এবং সাড়ে ১২ কেজি গাঁজা সহ চিহ্নিত শীর্ষ মাদক ব্যবসায়ী উজ্জল আলী (৩৫) কে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী দৌলতপুর সাহাপুর এলাকার আব্দুস সাত্তারের ছেলে। একাধিক সুত্রে জানা যায়, গত ১ বছরের মধ্যে র্যাব-১২ ফেনসিডিলের এত বড় চালান গ্রেফতার করতে পারেনি এবং র্যাবের কুষ্টিয়া ক্যাম্পের এটাই ফেনসিডিলের সবচেয়ে বড় চালান ও সেরা অভিযান।

র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের কোম্পানী কমান্ডার স্কোয়াড্রন লীডার মোহাম্মদ ইলিয়াস খানের সঠিক নেতৃত্বের কারনেই বড় বড় মাদক ব্যাবসায়ী, অস্ত্র ব্যবসায়ী, সন্ত্রাসী, ও প্রতারক চক্ররা প্রতিনিয়ত গ্রেফতার হচ্ছে এবং র্যাবের উপর সাধারন জনগন আস্তা অর্জন করছে বলেও জানা গেছে।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে কুষ্টিয়া জেলার দৌলতপুর থানায় মাদক আইনে একটি মামলা দায়ের করা হয়েছে এবং উদ্ধারকৃত আলামতসহ আসামীকে দৌলতপুর থানায় সোপর্দ করা হয়েছে।

এ বিষয়ে র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের কোম্পানী কমান্ডার স্কোয়ান্ড্রন লিডার মোহাম্মদ ইলিয়াস খান জানান, র্যাব প্রতিষ্ঠা লগ্ন থেকেই মাদক,সন্ত্রাসী,অস্ত্র ব্যবসায়ীদের বিরুদ্ধে প্রতিনিয়ত অভিযান করে যাচ্ছে। অপরাধী যতবড় শক্তিশালীই হোক না কেনো তাদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনা হবে।

মিরপুরে সারের দাম বেশি রাখায় ব্যবসায়ীকে ২৫ হাজার টাকা

জরিমানা

কুষ্টিয়ার মিরপুরে সারের দাম বেশি রাখায় এক ব্যবসায়ীকে ২৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর।

বৃহস্পতিবার দুপুরে মিরপুর উপজেলার হালসা বাজারে এই অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, এক কৃষকের অভিযোগের ভিত্তিতে হালসা বাজারের মেসার্স মুন্সি ট্রেডার্স নামের একটি সার দোকানে অভিযান চালানো হয়। ইউরিয়া সার প্রতি বস্তা ১১০০ টাকা দরে কৃষকের নিকট বিক্রি না করে অন্য ব্যবসায়ীর নিকট ১২২০ টাকা দরে বিক্রয়।

এমওপি সার ৭৫০ টাকা বস্তার পরিবর্তে ১৪০০ টাকা দরে বিক্রয় করার অপরাধে মেসার্স মুন্সি ট্রেডার্স নামের একটি সার দোকান মালিককে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এই অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি। অভিযানে স্যানেটারী ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীনসহ আইনশৃঙ্খলাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) অভিযান চালিয়ে ১০ গ্রাম হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আটকৃতরা হলেন, মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকার ইছার উদ্দীনের ছেলে তাইজেল ইসলাম (৪০) ও সোহরাব হোসেনের ছেলে সাইফুল ইসলাম (৩৬)।

সোমবার দুপুরের দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় অভিযান চালিয়ে তাদের দুজনকে গ্রেফতার করেন। মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের এসআই বিশ্বজিৎ এর নেতৃত্বে ডিবির এসআই জুম্মান, এএসআই মাহাতাব, এএসআই মাসুদ রানা সঙ্গীয় ফোর্স অভিযানে অংশ নেন।

এসময় তাদের দেহ তল্লাশী করে ১০ গ্রাম হেরোইন জব্দ করা হয়।

আটক দুই মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দেওয়া হয়েছে। মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম এ তথ্য নিশ্চিত করেছেন।

এই দুই মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পূর্বেও একাধিক মামলা রয়েছে। আটকদের মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

দর্শনায় রাজবাড়ির দু’মাদক ব্যবসায়ী ফেনসিডিল সহ গ্রেফতার

দর্শনায় মাদক পাচারকালে রাজবাড়ির দু’মাদক ব্যাবসায়ীকে ফেনসিডিল সহ গ্রেফতার করেছে পুলিশ। রোববার সন্ধা সোয়া ৬ টার দিকে তাদেরকে ৩০ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার করেন দর্শনা থানাধীন রামনগর বটতলা মোড়স্থ আ.লীগ অফিসের সামনে পাকা রাস্তার উপর হতে। এসময় তাদের দখলে থাকা একটি মটরসাইকেল উদ্ধার সহ জব্দ করা হয়।

গ্রেফতারকৃতরা রাজবাড়ী জেলার পাংশা উপজেলার কুড়াপাড়ার আজমল বিশ্বাসের ছেলে সুমন বিশ্বাস (২৭) ও একই উপজেলার মাওরাট (মৌরাট) এলাকার কুদ্দুস শেখের ছেলে মুসতাকিম শেখ (২২)। তাদেরকে দর্শনা থানার এসআই নীতিশ বিশ্বাস, এএসআই সানোয়ার হোসনে সহ সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে গ্রেফতার করেন।

এ সংক্রান্ত বিষয়ে গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দর্শনা থানায়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

কোর্ট মসজিদ মার্কেটের ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের জন্য বিশেষ মোনাজাত

কোর্ট মসজিদ মার্কেটে অবস্থিত দোকান ঘর ভাঙ্গা, ব্যবসায়ীদের নির্যাতন এবং ক্ষতিগ্রস্ত করায় ব্যবসায়ীদের জন্য বিশেষ দোয়া মোনাজাত করেছে হোটেল বাজার ব্যবসায়ী সমিতি।

আজ শুক্রবার জুম্মার নামাজ শেষে কোর্ট মসজিদ মার্কেটের সামনে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের জন্য এ বিশেষ দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। এসময় বক্তব্য রাখেন, বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু, মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান, সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল সিমন, সহ সভাপতি মোমিন, সদস্য রাশেদ,মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান প্রমুখ।

মেহেরপুর জেলা প্রশাসক কর্তৃক শহরের কোর্ট মসজিদ মার্কেটে অবস্থিত ব্যবসায়ীদের ব্যবসা প্রতিষ্ঠান ভেঙ্গে দেওয়া, নির্যাতন চালানো ও ক্ষতিগ্রস্ত করার প্রতিবাদে এবং সাংবাদিকগণের মাধ্যমে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষনে গত বুধবার সাংবাদিক সম্মেলন করেন হোটেল বাজার ব্যবসায়ী সমিতি।

সংবাদ সম্মেলনে মেহেরপুর জেলা প্রশাসক ড. মুহাম্মদ মুনসুর আলম খানের অপসারণের দাবি ও মেহেরপুর পৌরসভা নির্বাচন বর্জনের হুমকি দিয়ে ৫ দিনের কর্মসূচির ঘোষণা দেওয়া হয়।

ঘোষিত কর্মসূচির দ্বিতীয় দিনে শুক্রবার জুম্মার নামায শেষে বিশেষ মোনাজাত করেন তারা। এছাড়াও ১১ জুন শনিবার সকাল ১১ টায় ২৫ মিনিট কালো পতাকাসহ দোকান বন্ধ রাখা, ১২ জুন রবিবার সকাল সাড়ে ১০ টার সময় কাফনের কাপড়সহ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে

বিক্ষোভ সমাবেশ এবং ১২ জুন তারিখের সমাধান না হলে ১৩ জুন থেকে আমরণ অনশনসহ হরতালের ডাক দেওয়া হবে বলে জানানো হয়।

উল্লেখ্য, মেহেরপুর জেলা মডেল মসজিদের শ্রীবৃদ্ধি ও সরকারি জমি দখলমুক্ত করতে গত মঙ্গলবার মেহেরপুর কোর্ট মসজিদ মার্কেট ভবন উচ্ছেদ করে জেলা প্রশাসন। এতে প্রায় ২৫-৩০ জন ব্যবসায়ীর পথে বসার উপক্রম হয়েছে।

মেহেরপুরে মডেল মসজিদের সামনের শ্রীবৃদ্ধির লক্ষে মার্কেটের দোকান উচ্ছেদ

মেহেরপুর কোর্ট মসজিদ মার্কেট উচ্ছেদ করাকে কেন্দ্রে করে হোটেল বাজার ব্যবসায়ী সংগঠণ ও জেলা প্রশাসন এখন মুখোমুখি অবস্থানে। দোকান মালিকগণ ও ব্যবসায়ী সংগঠণের সভাপতি আব্দুল হান্নানের দাবী কোনো রকম নোটিশ প্রদান ছাড়াই জেলা প্রশাসক খামখেয়ালিপনা করে দোকানপাট উচ্ছেদ অভিযান চালাচ্ছেন।

তবে জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে সকল ধরনের আইনী প্রক্রিয়া শেষ করেই এই উচ্ছেদ অভিযান চালানো হচ্ছে।

মেহেরপুর জেলা মডেল মসজিদের সামনের শ্রীবৃদ্ধির জন্য ২৬ টি দোকানের এই মার্কেটটি উচ্ছেদ করা হয়েছে।

উপজেলা সহকারী কমশিনার (ভূমি) ও জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট আবু সাঈদের নেতৃত্বে আজ মঙ্গলবার সকাল ৯ টার দিকে মেহেরপুর কোর্ট মসজিদ মার্কেট উচ্ছেদ অভিযান শুরু হয়। উচ্ছেদকৃত মার্কেটের ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপের মালিক আকছেদ আলী, জানান, জেলা প্রশাসন থেকে আমাদের নোটিশ দেয়া হয়েছিল। কিন্তু সেখানে জেলা প্রশাসকের কোনো সিল মারা বা স্বাক্ষর ছিলনা। যে কারণে আমরাও তেমন গুরত্ব দেইনি।

পলাশ এন্টার প্রাইজের মালিক মিনারুল ইসলাম জানান, জেলা প্রশাসক

ভাষায় গালিগালাজ করেন।

বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপাতি আব্দুল হান্নান, সহসভাপতি আবু আক্তার, সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল শিমন, সদস্য রাশেদ, আজহারুল ইসলামসহ কয়েকজন ব্যবসায়ী।

মার্কেট উচ্ছেদের প্রতিবাদে আজ বিকাল ৫ টার সময় মেহেরপুর প্রেসক্লাবের সামনের সড়কে প্রতিবাদ সমাবেশ করবে বলে জানান ব্যবসায়ী নেতৃবৃন্দ।

বাজার কমিটির সভাপতি আব্দুল হান্নান বলেছেন, কোনো রকম নোটিশ ছাড়াই আমাদের ব্যবসায়ীদের দোকান পাট উচ্ছেদ করা হচ্ছে। এছাড়া মার্কেটটি বাঁচাতে জেলা প্রশাসককে বিবাদী করে একটি মামলা দায়ের করা হয়েছে। এখনো সে মামলায় আদালত বিচারাধীন। আদালতের রায়ের আগেই জেলা প্রশাসনের এ ধরনের খামখেয়ালীপনায় ২৬ জন ব্যবসায়ী আজ পথে বসতে যাচ্ছে। ব্যবসায়ীদের ভ্যাট ট্যাক্◌্র, করের টাকায় জেলা প্রশাসকসহ সরকারী কর্মকর্তাদের বেতন হয়। অথচ, সেই ব্যবসায়ীদের পেটে লাথি মেরেছে বর্তমান জেলা প্রশাসক। তিনি বলেন এর আগের জেলা প্রশাসকগণ আমাদের কাছ থেকে ৩ থেকে ৪ লাখ টাকা সিকিউরিটি নিয়ে এই মার্কেটের দোকান বরাদ্দ দেন। সাম্প্রতিক সময়ে এডিসি সাহেব আমাদের ব্যাংক একাউন্ট করিয়েছেন। সেই এ্যকাউন্টেসের মাধ্যমেই দোকান ভাড়ার টাকা প্রদান করা হয়।

ব্যবসায়ী সমিতির সদস্য ফজলুল হক বলেন, কারোর কু পরামর্শে অনৈতিকভাবে এই উচ্ছেদ করা হচ্ছে। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস জানান, জেলা প্রশাসন সকল ধরনের আইনী জটিলতা শেষ করেই এই মার্কেটটি উচ্ছেদ অভিযান শুরু করেছেন।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, মসজিদের শ্রীবৃদ্ধির কারণে সামনের মার্কেট উচ্ছেদ করা হয়েছে। এছাড়া সরকারী জমিতে এতদিন কোনো মার্কেট থাকতে পারেনা। অনেকবার তাদের নোটিশ দেওয়া হয়েছে। রমজান মাসের আগেই সকল ধরনের আইনী প্রক্রিয়া শেষ করা হয়েছে। কিন্তু মানবিক কারণে তাদের আমরা আড়াই তিন মাস সময়

দিয়েছিলাম। আগের জেলা প্রশাসক কেনো দোকার বরাদ্দ দিয়েছিলেন এব্যাপারে কোনো কথা বলবেন না বলে জানান তিনি। তিনি আরও বলেন, ব্যবসায়ীরা বিকল্প ব্যবস্থা করার দাবী জানিয়েছিলেন। কিন্তু জেলা প্রশাসনের এধরনের কোনো বরাদ্দের সুযোগ নেই।

মেহেরপুরের ব্যবসায়ী আব্দুল ওয়াহেদ গবু আর নেই

মেহেরপুরের বিশিষ্ট ব্যবসায়ী মল্লিক পাড়ার বাসিন্দা ও ৭ নম্বর ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজিবের চাচা আব্দুল ওয়াহেদ গবু
(৫০) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

শুক্রবার ভোর সাড়ে ৫টার সময় নিজ বাসভবনে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি শহীদ আব্দুর রাজ্জাক বিশ্বাসের ছোট ছেলে। সড়ক দুর্ঘটনায় আহত হয়ে দীর্ঘদিন প্যারালাইজড রোগে ভুগছিলেন। তিনি স্ত্রী, ভাই, ভাতিজাসহ অসংখ্যা গুনাগ্রাহী রেখে গেছেন। দাম্পত্য জীবনে তিনি নি:সন্তান ছিলেন।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, আজ বাদ জুম্মা কবি নজরুল শিক্ষা মঞ্জিল মাঠে জানাযা শেষে কলেজ মোড়ের পৌর কবরস্থানে দাফন করা হবে।

গাংনীতে ভয়াবহ অগ্নীকান্ডে ৫টি দোকান ভষ্মিভুত

মেহেরপুরের গাংনী পৌর শহর বাসস্টান্ডে ৫টি দোকানে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এতে অন্ততঃ অর্ধ কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন দোকান মালিকেরা। কি কারণে এ অগ্নীকান্ডের সুত্রপাত তা

অনুসন্ধান করছেন ফায়ার সার্ভিস।
প্রত্যাক্ষদর্শীরা জানায়, রবিবার বেলা সাড়ে ১১টায় সোহাগ বস্ত্রালয় নামের একটি লেপ তোশকের গুদামে আগুনের সুত্রপাত ঘটে। পরে তা ছড়িয়ে পড়ে পাশের আকমল স্টোর, মনিরুল বস্ত্রালয়, জিয়া বেডিং ও ঢাকা বেডিংসহ কয়েকটি ব্যাবসা প্রতিষ্ঠানে। সংবাদ পেয়ে গাংনী ও মেহেরপুর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘন্টা ব্যাপি চেষ্টা করে আগুন নিয়ন্ত্রণে আনে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের পাশাপশি গাংনী উপজেলা ছাত্রলীগের ও পৌর ছাত্রলীগের নেতা কর্মীরা আগুন নেভাতে কাজ করেন। আগুনের তাপে উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক অসুস্থ হয়ে পড়ে। তাকে উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়েছে। ততোক্ষণে পাচঁটি দোকানের মালামাল পুড়ে যায়।
আগুনে ক্ষতিগ্রস্ত আকমল স্টোরের মালিক আকমল হোসেন জানান, পাঁচটি দোকান মিলে অর্ধকোটি টাকার মালামাল পড়ে ভষ্মিভুত হয়েছে। এতে কয়েকজন দোকান মালিক একেবারে পথে বসে গেছে।
মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএখালেক, পৌর মেয়র আহম্মেদ আলী, উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম, শাহনেওয়াজ ঘটনাস্থল পরিদর্শন করেন । এসময় ক্ষতিগ্রস্থ ব্যবসায়ীদের সাথে কথা বলে সহযোগীতার আশ্বাস দেন।
মেহেরপুর ফায়ার সার্ভিসের উপ-পরিচালক শরিফুল হাসান ভুইয়া বলেন, ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘন্টাব্যাপি চেষ্টা করে আগুন নিয়ন্ত্রনে আনতে সক্ষম হয়। এখন পর্যন্ত আগুন লাগার বিষয়ে তেমন কোন উৎস খুজে পাওয়া যায়নি। তবে বিষয়টি তদন্ত করা হচ্ছে।

মেহেরপুরে ইলেকট্রিক ব্যবসায়ী রাজুর করোনা পজিটিভ

মেহেরপুরে নতুন করে আজ একজন করোনা পজিটিভ হয়েছে। মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসিরউদ্দিন ‘মেহেরপুর প্রতিদিন’ তে বিষয়টি নিশ্চিত করেন।

তিনি বলেন, আজ শুক্রবার কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ১৫ টি প্রাপ্ত রিপোর্ট এর মধ্যে ১ টি পজিটিভ এসেছে।

জানা গেছে, নতুন করে আজ একজন করোনা পজেটিভ হয়েছে তিনি মেহেরপুর হোটেল বাজারের লর্ড মার্কেট এর ব্যবসায়ী রাজু ইলেকট্রিক এর প্রোপাইটর রাজু আহমেদ।

এর আগে তার নমুনা সংগ্রহ করে পরিক্ষার জন্য কুষ্টিয়ার পিসিআর ল্যাব পাঠানো হয়। আজ তার রিপোর্ট এসেছে এতে তার করোনা পজিটিভ বলে জানা যায়। এর আগে নমুনা সংগ্রহের পর পরেই তার দোকান ও বাড়ি লকডাউন করা হয়েছে।

উল্লেখ্য, মোট নমুনা পাঠানো হয়েছে ১৮৭৬ টি এর মধ্যে ফলাফল এসেছে ১৬২৭টি যার মধ্যে ৬১ টি পজিটিভ বাকি ১৫৬৬ টি নমুনা নেগেটিভ বলে জানান সিভিল সার্জন।

আক্রান্ত ৬১ জনের মধ্যে মেহেরপুর সদরে ৩১ জন, গাংনী ২৪ জন ও মুজিবনগরে ৬ জন। এ পর্যন্ত জেলায় করোনায় মৃত্যু হয়েছে ৫ জনের, সুস্থ হয়েছেন ২৩ জন, বাইরে পাঠানো হয়েছে ৪ জন কে এবং ২৯ জন বর্তমান চিকিৎসাধীন রয়েছেন।